কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, রেলগেট, রাজশাহী
www.dae.rajshahi.gov.bd

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.৩৩.০০৫.১৯-৬০৮ (৩)

তারিখ : ১০ চৈত্র ১৪২৬ বাংলা
২৪ মার্চ ২০২০খ্রি:

বিষয় : রাজশাহী জেলায় অতিরিক্ত হিসাবে ৫৫০০ মেঃটন ডিএপি সারের বরাদ্দ প্রদান।
সূত্র : জেলা সার ও বীজ মনিটরিং কমিটির গত ১৫/০৩/২০২০ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলায় চলতি আউশ মৌসুমে ৪৯৮৮০ হেঃ জমিতে আউশ এবং ১০২০০ হেক্টর জমিতে ভুট্টা এবং ১৩৮৫০ হেক্টর জমিতে পাট আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত ১৫/০৩/২০২০ তারিখের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় এ বিষয়ে আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে রাজশাহী জেলার অনুকূলে ডিএপি সারের অতিরিক্ত বরাদ্দের জন্য চাহিদা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সরকার কর্তৃক ডিএপি সারের মূল্য হ্রাসের কারণে টিএসপি এবং ইউরিয়া সারের পরিবর্তে ডিএপি সারের তুলনামূলক ব্যবহার বৃদ্ধি পাওয়ায় উপজেলা সমুহ হতে প্রাপ্ত অতিরিক্ত ডিএপি সারের মোট ৫৫০০ মেঃটন চাহিদা পাওয়া গেছে। নিম্নে চলতি মার্চ/২০২০ মাসের বরাদ্দকৃত ডিএপি সারের উত্তোলনের তথ্য দেওয়া হলো।

(পরিমান : মেঃটন)

জেলায় মার্চ/২০ মাসের বরাদ্দ	অদ্য পর্যন্ত উত্তোলন (চলতি এবং পূর্ব মাসের বরাদ্দ হতে উত্তোলন)	অদ্যকার মজুদ	অতিরিক্ত চাহিদা
১৪৩৬	১৭১৬	৮২২	৫৫০০

এমতাবস্থায় রাজশাহী জেলায় অতিরিক্ত হিসাবে ৫৫০০ (পাঁচ হাজার পাঁচশত) মেঃটন ডিএপি সার বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিণীত অনুরোধ জানানো হলো।

সংযুক্ত : জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী ০২(দুই) পাতা।

24/3/20
(মোঃ শামছুল হক)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী

সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ
শেখ বদিউল আলম, উপ-প্রধান
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।

মার্চ/২০২০ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলাঃ রাজশাহী

সভাপতি : মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ : ১৫/০৩/২০২০ খ্রি.
সময় : বেলা ০১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি মার্চ/২০ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

#	উপজেলার নাম	ইউরিয়া			টিএসপি			এমওপি			ডিএপি		
		বরাদ্দ	উত্তোলন	মজুদ	বরাদ্দ	উত্তোলন	মজুদ	বরাদ্দ	উত্তোলন	মজুদ	বরাদ্দ	উত্তোলন	মজুদ
১	পাবা	৪৮৩	২৪৬	৮১৫	১১০	২৬	৩০১	৯০	২৯	৪০৯	১০৮	৫০	১৭৫
২	তানোর	৯৩৯	৪১৩	২৬১	২৬০	৫৩	১২৯	৩৮৫	১৮৫	১৮৪	৩৩৭	২৯২	৮২
৩	মোহনপুর	৩৬৩	৩৬৫	৩২৮	৬৬	১৬	৯৩	৮৭	৬০	১৫৪	১৪৭	৭৫	১৫২
৪	বাগমারা	৫৩৬	৬৭২	৬৪০	১১৫	৪০	৩১৭	১১৭	৪৯	৪০৯	১২৯	১৩২	২১৩
৫	দুর্গাপুর	৫৫২	৩৮১	৫৪০	১৩০	২৩	১৯০	১৮৩	৬০	২৩৭	১৪৬	১৫০	১৫৫
৬	পুঠিয়া	৮৯০	৬০৩	৫৪৮	৯০	৮১	১২২	১৯৩	১১৮	১৪৪	১০৮	৯৪	৯০
৭	গোদাগাড়ী	১১৮৪	৮৭৫	৬২৩	২৭৫	১০৯	২৮০	১৫৫	৯০	১৯১	২৭৯	২৮৩	১৩০
৮	চারঘাট	২৪২	৩৫	২৪০	৮৮	২৮	৯১	১১৩	৮৮	৮৭	৮৩	২১	৪৬
৯	বাঘা	৩০৪	৩৩	১৯৪	৯২	৮	১৭৫	৬১	০	৮৫	৮৮	৬	১৪৬
১০	বোয়ালিয়া	১৭	১৬	২০	৮	৮	১০	৭	১৩	১৪	৬	২	১০
১১	মতিহার	১৩	০	৬	৭	৪	৩	৬	১	২	৫	০	২
	মোট	৫৫২৩	৩৬৩৯	৪২১৫	১২৪১	৩৯৫	১৭১১	১৩৯৭	৬৯২	১৯১৬	১৪৩৬	১১০৫	১২০১

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ১০৮৯২মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩২৫০ মেঃটন, এমওপি ১৬৯৮ মেঃটন এবং ডিএপি ২৭৪৯ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ১৯৭৮ মেঃটন, টিএসপি ৬৮৬ মেঃটন, এমওপি ১৪৬৯ মেঃটন এবং ডিএপি ১৩৭১ মেঃটন। তিনি আরও বলেন কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নং ১২.০০.০০০০.০৩৫.৪০.০০৫.১৬-৫৩, তারিখ ১৪/০৫/২০১৯ খ্রি: পত্রে বাংলাদেশ সীড এসোসিয়েশন(BSA) এর ০২(দুই) জন করে প্রতিনিধিকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সীড এসোসিয়েশন(BSA) এর সভাপতি স্বাক্ষরিত পত্রে রাজশাহী জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রতিনিধি হিসাবে জনাব মোঃ মাহবুব আলম, প্রোঃ মেসার্স বন্ধু বীজ ভান্ডার(মোবাইল নং ০১৭১৮০৮৮২৩৮), সুলতানগঞ্জ করিডোর, রাজশাহী-কে মনোনয়ন প্রদান করেছেন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
(২) বাংলাদেশ সীড এসোসিয়েশন(BSA) এর প্রতিনিধি হিসাবে জনাব মোঃ মাহবুব আলম, প্রোঃ মেসার্স বন্ধু বীজ ভান্ডার(মোবাইল নং ০১৭১৮০৮৮২৩৮), সুলতানগঞ্জ করিডোর, রাজশাহী-কে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য হিসাবে কো-অফ করা হলো।

আলোচনা – ৩: মেসার্স জিকে ট্রেডার্স বিসিআইসি সার ডিলার, গোদাগাড়ী রাজশাহী এর মালিকানা হস্তান্তরের আবেদন।

সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী জানান, মেসার্স জিকে ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, গোদাগাড়ী, রাজশাহী এর মালিক মোঃ গোলাম কিবরিয়া শারীরিকভাবে অসুস্থতার কারনে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা -২০০৯ এর ৫.৪(সংশোধনী) ধারা মোতাবেক ডিলারশীপের মালিকনা তাঁর স্ত্রী মোসাঃ তুহিনা আক্তার এর নামে হস্তান্তরের জন্য আবেদন জানিয়েছেন। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গোদাগাড়ী, রাজশাহী এ বিষয়ে সুপারিশসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে আবেদনপত্র ও অন্যান্য কাগজাদি প্রেরণ করেছেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ এর ৫.৪ ধারা মোতাবেক মেসার্স জিকে ট্রেডার্স বিসিআইসি সার ডিলার, গোদাগাড়ী রাজশাহী এর মালিকানা তাঁর স্ত্রী মোসাঃ তুহিনা আক্তার এর নামে হস্তান্তরের আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থত গ্রহণের জন্য সুপারিশসহ চেয়ারম্যান, বিসিআইসি বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী এ বিষয়ে পত্র প্রেরণ করবেন।

আলোচনা – ৪: অতিরিক্ত ডিএপি সারের বরাদ্দ।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, চলতি আউশ মৌসুমে রাজশাহী জেলায় ৪৯৮৮০ হেঃ জমিতে আউশ এবং ১০২০০ হেক্টর জমিতে ভুট্টা এবং ১৩৮৫০ হেক্টর জমিতে পাট আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে ৬৬২৬৫ হেক্টর জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। সাম্প্রতি সরকার কর্তৃক ডিএপি সারের মূল্য কমানোর ফলে কৃষক পর্যায়ে ইউরিয়া ও টিএসপি সারের চাহিদার তুলনায় ডিএপি সারের ব্যবহার বৃদ্ধি লক্ষ্যকরা যাচ্ছে। এমতাবস্থায় উপজেলাসমূহ হতে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারগণের যৌথ স্বাক্ষরে লিখিতভাবে অতিরিক্ত ডিএপি সারের চাহিদাপত্র পাওয়া গেছে। যাহা নিম্নরুপ-

#	উপজেলার নাম	ডিএপি সারের চাহিদা (মে.টন)
১	পবা	৭০০
২	তানোর	৬০০
৩	মোহনপুর	৭০০
৪	বাগমারা	১২০০
৫	দুর্গাপুর	৩০০
৬	পুঠিয়া	৩০০
৭	গোদাগাড়ী	৯০০
৮	চারঘাট	২০০
৯	বাঘা	৬০০
	মোট	৫৫০০

সিদ্ধান্ত : জেলার সার্বিক আবাদ পরিস্থিতি বিবেচনায় রাজশাহী জেলার অনুকুলে অতিরিক্ত হিসাবে ৫৫০০ মে.টন ডিএপি সারের বরাদ্দ প্রদানের জন্য সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবরে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.৬.২০২০

মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৫৮৬(৫১) তারিখঃ ২২/০৬/২০২০

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
....(কমিটির সকল সদস্য)
....
....

২২/৬/২০

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩

২২/৬/২০